

স্মারক নম্বরঃ ৩৩.০১.০০০০.১০১.১৬.৪৩৩(২).২১- ৩৮৫


তারিখঃ ০৯/০২/২০২২ খ্রিঃ  
২৬/১০/১৪২৮ বঃ

সভার নোটিশ

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পরিবীক্ষণ কমিটির অবহিতকরণ সভা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা প্রাণিসম্পদ অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন), মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৩/০২/২০২২ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় উপপরিচালক, প্রশাসন-এর দপ্তরে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

  
(ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা)  
উপপরিচালক, প্রশাসন (চলতি দায়িত্ব)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

১. ড. হোসেন মোঃ সেলিম, প্রাণিসম্পদ পরিসংখ্যান কর্মকর্তা ও APA-SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. জনাব মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/সমমান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৩. ডাঃ দীপ্তি রাণী পাল, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪. অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

- ১। পরিচালক, প্রশাসন ও এপিএ টিম লিডার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা, উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।  
তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ  
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা  
স্থানঃ উপপরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিসকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজন করা হলো।

**২। আলোচনাঃ**


সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির বর্তমান কার্যক্রম সম্পর্কে সদস্যদের মতামত আহ্বান করেন। আলোচনায় জনাব মোঃ শামীম হোসেন (জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা) ব্যক্ত করেন যে, মাঠ পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে কিনা এবং না হয়ে থাকলে অবিলম্বে মাঠ পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এরপর ডাঃ দীপ্তি রাণী পাল (উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা) অধীনস্থ দপ্তর/সংস্থা সময়মতো বিভিন্ন প্রশিক্ষণ ও সভার আয়োজন এবং প্রতিবেদনসমূহ হালনাগাদ করছে কিনা তা তদারকিকরনের উপর গুরুত্ব আরোপ করেন।

**৩। সিদ্ধান্তসমূহঃ**



উপস্থিত সদস্যগণের স্বতঃস্ফূর্ত আলোচনা শেষে সভায় নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ক) অবিলম্বে মাঠ পর্যায়ে পরিবীক্ষণ কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে।  
খ) অধীনস্থ দপ্তর/সংস্থা সময়মতো বিভিন্ন প্রশিক্ষণ ও সভা আয়োজন এবং প্রতিবেদনসমূহ হালনাগাদ করছে কিনা তা তদারকি করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা)  
উপপরিচালক, প্রশাসন (চলতি দায়িত্ব)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি-র সভায় উপস্থিতির তালিকা (তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ)

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	কর্মস্থল	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১	ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঁঞা উপপরিচালক (প্রশাসন)	প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।	০১৭১১১৪৬০১২	
০২	জনাব মোঃ শামীম হোসেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ	প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।	০১৭১৫১৩৮৭৬৬	
০৩	ডাঃ দীপ্তি রাণী পাল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ	প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।	০১৬৮৬০০০১২৪	